সমকাল

তারিখ ...03. AUG. 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

বিএল কলেজে শিক্ষক লাঞ্ছিত

# গ্রেফতার হয়নি অভিযুক্তরা, আজ থেকে ক্লাস বর্জন

■ খুলনা ব্যুরো

খুলনার সরকারি বিএল কলেজে শিক্ষক লাঞ্ছনা ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ভাংচুরের ঘটনায় দায়ের করা মামলার আসামিরা ৪ দিনেও গ্রেফতার হয়নি। অভিযুক্ত ছাত্রলীগ নেতারা গ্রেফতার না হওয়ায় আজ সোমবার থেকে ক্লাস বর্জন কর্মসূচি শুরু করবেন শিক্ষকরা।

গত ৩০ জুলাই দুপুরে কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগে হামলা চালায় ছাত্রলীগের নেতাকর্মীরা। এ সময় বিভাগের সহকারী অধ্যাপক হারুন অর রশীদকে লাঞ্ছিত করে তারা।

এ ঘটনায় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান প্রফেসর শিকদার মনিরুজ্জামান বাদী হয়ে দৌলতপুর থানায় মামলা করেন। মামলায় মহানগর ছাত্রলীগের সহ-সভাপতি ও কলেজ শাখার যুগ্ম আহ্বায়ক উজ্জ্বল দাশ, দীপংকর ও দিদারের নাম উল্লেখ এবং অজ্ঞাত পরিচয় ১৫ জনকে আসামি করা হয়। সেসঙ্গে শিক্ষক সমিতির জরুরি সভায় রোববারের মধ্যে আসামিদের গ্রেফতার না করলে সোমবার থেকে ক্লাস বর্জনের কর্মসূচি ঘোষণা করা হয়েছিল।

এ ঘটনায় জড়িত থাকার অভিযোগ মহানগর ছাত্রলীগ উজ্জ্বল দাসসহ ৬ জনকে সাময়িক অব্যাহতি দেয়।